# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় - বাইবেল পরিচিতি

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ১. ৭. ৬. বাইবেলের অধ্যায় ও শ্লোক বিন্যাস

আমরা বাইবেলের পুস্তকগুলো সম্পর্কে আলোচনা করলাম। বাইবেল পরিচিতি বিষয়ক আলোচনার শেষে আগ্রহী পাঠকের জন্য বাইবেলের পুস্তকগুলোর অধ্যায় ও শ্লোক বিন্যাস সম্পর্কে সংক্ষিপ্ত কয়েকটা তথ্য উল্লেখ করে এ অধ্যায় শেষ করছি।

বাইবেলের পুস্তকগুলোর মধ্যে কোনো অধ্যায় বা শ্লোকের অস্তিত্ব ছিল না। বিগত কয়েকশত বছর যাবৎ বাইবেল বিশেষজ্ঞ ধর্মগুরুরা পুস্তকগুলো অধ্যায় ও শ্লোকে বিভক্ত করেছেন।

(ক) ১২২৮ খ্রিষ্টাব্দে প্রথম বাইবেলের পুস্তকগুলোকে অধ্যায়ে বিভক্ত করা হয়। স্টিফেন ল্যাংটন (Stephen Langton) এ বিন্যাস করেন। স্টিফেন ল্যাংটন (১১৫০-১২২৮ খ্রি.) ইংল্যান্ডের প্রধান ধর্মগুরু (Archbishop of Canterbury) ছিলেন ১২০৭ থেকে ১২২৮ পর্যন্ত।

(খ) ১৪৪৮ খ্রিষ্টাব্দের দিকে পুরাতন নিয়মের মধ্যে শ্লোক ব্যবস্থার সংযোজন করা হয়। পুরো পুরাতন নিয়মকে শ্লোকে বিভক্ত করা হয়। ফ্রান্সের প্রসিদ্ধ ইহুদি ধর্মগুরু-রাবিব ও দার্শনিক আইজ্যাক নাথান বিন কালনিমাস (Isaac Nathan ben Kalonymus) এ কাজটা করেন।

(গ) ১৫৫১ খ্রিষ্টাব্দে সর্বপ্রথম নতুন নিয়মকে শ্লোকে বিভক্ত করা হয়। রবার্ট এসটিনি (Robert I Estienne) নামক একজন ফরাসী ধর্মগুরু এ কাজটা করেন। তিনি ল্যাটিন ভাষায় রবার্ট স্টিফেন (Robertus Stephanus/ Robert Stephanus) নামে প্রসিদ্ধ (জন্ম ১৫০৩- মৃত্যু ১৫৫৯ খ্রি.)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13870

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন